

সোমনাথ স্বাভিমান পর্ব রাজ্যভিত্তিক অনুষ্ঠান ১১ মে

দেশের অন্যতম পীঠস্থান সোমনাথ মন্দির অটুট আস্থার এক চিরন্তন প্রতীক হিসেবে প্রতিষ্ঠিত রয়েছে। 'দ্বাদশ জ্যোতির্লিঙ্গ স্তোত্রম'-এর প্রারম্ভিক শ্লোকেই সোমনাথকে বারোটি পবিত্র জ্যোতির্লিঙ্গের একদম শুরুতে স্থান দেওয়া হয়েছে। গুজরাটের বেরাবলের নিকটবর্তী প্রভাস পাটনে অবস্থিত সোমনাথ মন্দির কেবল একটি উপাসনালয় নয় বরং বিশ্বাস, আত্মপরিচয় ও গৌরবগাঁথার জীবন্ত প্রতীক। ১০২৬ সালে গজনীর সুলতান মাহমুদ প্রথমবারের মত এই মন্দির আক্রমণ করেন। পরবর্তীতে মন্দিরটি বার বার ধ্বংস ও পুনর্নির্মিত হয়েছিল। আক্রমণকারীদের লক্ষ্য ছিল ধ্বংস সাধন। পুনর্জাগরণের এই ধারা বিশ্বে অতুলনীয়।

বর্তমান ২০২৬ সালে একদিকে যেমন সোমনাথ মন্দিরের ওপর সংঘটিত প্রথম আক্রমণের ১০০০ বছর পূর্ণ এবং সেই সঙ্গে মে ১৯৫১ সালে স্বাধীন ভারতে মন্দিরটির পুনর্নির্মাণ ও উদ্বোধনের ৭৫ বছর পূর্ণ হয়েছে। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে সোমনাথে ৮ থেকে ১১ জানুয়ারি, ২০২৬ পর্যন্ত সোমনাথ স্বাভিমান পর্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সভাপতিত্বে গত ১৬ জানুয়ারি জাতীয় বাস্তবায়ন কমিটি (National Implementation Committee) এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে যে, 'সোমনাথ স্বাভিমান পর্ব' ১১ জানুয়ারি, ২০২৬ থেকে ১১ জানুয়ারি, ২০২৭ পর্যন্ত বছরব্যাপী উদযাপন করা হবে। এই উদযাপনটি মূলত দুটি প্রধান স্তম্ভ- 'যাত্রা' এবং 'অনুষ্ঠান'-কে কেন্দ্র করে পরিকল্পনা করা হয়েছে, যাতে দেশব্যাপী সমাজের সকল স্তরের তীর্থযাত্রী ও ভক্তদের অংশগ্রহণ সুনিশ্চিত করা যায়। এই আয়োজনের একটি অন্যতম মূল অংশ হলো ১২ মাস ধরে ১২টি প্রধান যাত্রার আয়োজন করা, যা জ্যোতির্লিঙ্গ অবস্থিত রাজ্যসমূহ এবং সংশ্লিষ্ট রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলগুলি থেকে শুরু হবে, যাতে দেশের প্রতিটি প্রান্ত এই অভিযানের সাথে সার্থকভাবে যুক্ত হতে পারে। এই 'পর্ব' উদযাপনের সময় যুবসমাজের ব্যাপক অংশগ্রহণ সুনিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠানগুলির সমন্বয়ে 'সোমনাথ সংবাদ' (Somnath Samvad Dialogues) এবং সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান সহ ক্যাম্পাসভিত্তিক বিভিন্ন প্রচারমূলক কর্মসূচির আয়োজন করা হবে।

২০২৬ সালের ৮ মে থেকে ১১ মে পর্যন্ত শ্রী সোমনাথ মন্দির প্রাঙ্গণে জাতীয় কর্মসূচির আয়োজন করা হয়েছে। এই কর্মসূচির প্রধান কার্যক্রমগুলির মধ্যে রয়েছে কলশ যাত্রা, ভজন সন্ধ্যা, ওঁকার মন্ত্র জপ, সোমনাথ পুস্তিকাতে মন্ত্র লিখন এবং সোমনাথের সঙ্গে সম্পর্কিত কাহিনীর বর্ণন। ত্রিপুরায় রাজ্যভিত্তিক অনুষ্ঠান আগামী ১১ মে আগরতলার সেন্ট্রাল রোডস্থিত শিব বাড়িতে অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা উপস্থিত থাকবেন। এছাড়া এদিন জেলাস্তরেও বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হবে, যেখানে অন্যান্য কার্যক্রমের পাশাপাশি সোমনাথ থেকে সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানের প্রদর্শনেরও ব্যবস্থা করা হবে।